

## 🗏 আল-ওয়াকিয়া | Al-Waqi'a | ٱلْوَاقِعَة

আয়াতঃ ৫৬: ৬৭

### 💵 আরবি মূল আয়াত:

# بَل نَحنُ مَحرُومُونَ ﴿٤٧﴾

#### 

'বরং আমরা মাহরূম হয়েছি'। — আল-বায়ান

বরং আমরা বঞ্চিত হয়ে গেলাম। — তাইসিরুল

আমরা হৃত সর্বস্ব হয়ে পড়েছি। — মুজিবুর রহমান

Rather, we have been deprived." — Sahih International

৬৭. বরং আমরা হৃত-সর্বস্ব হয়ে পড়েছি।

তাফসীরে জাকারিয়া

### (৬৭) বরং আমরা হৃতসর্বস্ব ।[1]

[1] অর্থাৎ, আমরাই প্রথমে জমিতে হাল চালিয়ে তাকে ঠিক-ঠাক করে তাতে বীজ ফেললাম। অতঃপর সেচন করতে থাকলাম। কিন্তু যখন ফসল পাকার সময় হল, তখন তা শুকিয়ে গেল এবং আমরা তা থেকে কিছুই পেলাম না। অর্থাৎ, এ সমস্ত খরচাদি এবং মেহনত-পরিশ্রম এক ধরনের জরিমানার মত অনর্থক চলে গেল, যা আমাদেরকে বহন করতে হল। জরিমানার অর্থ এটাই হয় যে, মানুষ তার অর্থ বা পরিশ্রমের প্রতিদান পায় না। বরং তা অনর্থক নষ্ট হয়ে যায়। অথবা জোরপূর্বক তার কাছ থেকে কিছু নিয়ে নেওয়া হয় এবং তার বিনিময়ে তাকে কিছু দেওয়া হয় না।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5046

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন